

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১, অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/সি-১৩/২০১১- ৭৭৬


তারিখঃ ১১ জুন ২০২০ খ্রিস্টাব্দ
২৮ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি

- সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/সি-১৩/২০১১/৯৯৮, তারিখঃ ১৯/০৭/২০১৮ খ্রিঃ
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/সি-১৩/২০১১/১৬৫৮, তারিখঃ ১১/১১/২০১৯ খ্রিঃ
(৩) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/সি-১৩/২০১১/৪৮৫, তারিখঃ ৩১/০৩/২০১৯ খ্রিঃ
(৪) শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালের স্মারক নং- শেবাচিমহা/ব/সি/৩য় ও ৪র্থ শ্রেণী নিয়োগ/২০২০/৯১৯, তারিখঃ ০১/০৩/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল, বরিশাল কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) বিভিন্ন ক্যাটাগরির ১৬টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ১নং সূত্রোক্ত স্মারকে ছাড়পত্র প্রদান করা হয় এবং ২নং সূত্রোক্ত স্মারকে উক্ত ছাড়পত্রের মেয়াদ ১৭/০১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ৬ মাস বৃদ্ধি করা হয়। এছাড়া ৩নং সূত্রোক্ত স্মারকে আরো ১৭টি পদে ছাড়পত্র প্রদান করা হয় যার মেয়াদ ৩০/০৩/২০২০ খ্রিঃ তারিখে শেষ হয়েছে।

২। এমতাবস্থায়, ১ ও ৩ নং সূত্রোক্ত স্মারকে ছাড়কৃত বিভিন্ন ক্যাটাগরির ৩৩টি পদের মধ্যে ৩নং সূত্রোক্ত স্মারকে ছাড়কৃত ০১টি টেলিফোন অপারেটর পদ ব্যতীত সর্বমোট ৩২টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে ১ ও ৩ নং স্মারকের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে উক্ত ছাড়পত্রের মেয়াদ ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হল এবং বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

পরিচালক
শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল
বরিশাল

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়